সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১৪ তারিখ: ২৫ শ্রাবণ , ১৪২৯ বঙ্গাব্দ

০৯ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ

# শোকবার্তা

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালক এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক অর্থনৈতিক উপদেষ্টা জনাব হাবিবুল্লাহ বাহার অদ্য ০৯ আগস্ট,২০২২ তারিখে সকাল ১০.৪০ ঘটিকায় ধানমন্ডির ল্যাবএইড কার্ডিয়াক হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি গত ০৪ আগস্ট, ২০২২ তারিখে ব্রেন স্ট্রোক করে ধানমন্ডির ল্যাবএইড কার্ডিয়াক হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসাধীন ছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। পুঁজিবাজারের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তার অবদান আমরা কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। তার মৃত্যুতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পরিবার গভীরভাবে শোকাহত।

সুদীর্ঘ কর্মজীবনে তিনি অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি) ও মিউনিসিপাল ডেভেলপমেন্ট ডেভেলপমেন্ট ফান্ড এর পরিচালনা পর্ষদ এবং বাংলাদেশ ব্যাংকের স্টিয়ারিং কমিটি ও বিনিয়োগ কমিটির সদস্য ছিলেন। এছাড়াও তিনি বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম)-এ অগ্রণী ব্যাংক চেয়ার প্রফেসর পদে এবং মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই)-এর সিনিয়র অর্থনৈতিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। কেন্দ্রীয় ব্যাংকের অর্থনৈতিক উপদেষ্টা হিসেবে তিনি আইএমএফ, বিশ্ব ব্যাংক, এডিবি, UNCTAD, UN-ESCAP এবং অন্যান্য মিশনগুলোর সাথে বিভিন্ন বিষয়ে আলোচনায় বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন।

আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করছি।

09-08-2022

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd